

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

নং- ৪৬.০৪২.০১৪.৫২.০২.০৫২.২০১৪. ১৫০

তারিখঃ ২৬ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ  
০৬ সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ


বিষয় : বরিশাল জেলা পরিষদের মালিকানাধীন সিডিউলভুক্ত খেয়াঘাট অন্য সংস্থা কর্তৃক ইজারা না দেয়ার বিষয়ে নির্দেশনা প্রদান।

সূত্রঃ ১) জেলা পরিষদ অধিশাখার স্মারক নং-৪৬.০৪২.০১৪.৫২.০২.০৫২.২০১৪. ১৮৭১, তারিখঃ ১১/৯/২০১৭।  
২) বরিশাল জেলা পরিষদের স্মারক নং-জেঃপঃবঃ/২০১৭/৫৭৮, তারিখঃ ১/১১/২০১৭।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে, বরিশাল জেলা পরিষদের মালিকানাধীন সিডিউলভুক্ত খেয়াঘাট অন্য সংস্থা কর্তৃক ইজারা না দেয়ার নির্দেশনা থাকার পরও খেয়াঘাটগুলো বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইজারা দিয়ে আসছে। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে জেলা পরিষদের খেয়াঘাটের দখল জেলা পরিষদের ইজারাদারগণকে বুঝিয়ে দিতে বরিশাল জেলা পরিষদ হতে অনুরোধ জানানো হয়। বরিশাল জেলা পরিষদের মালিকানাধীন সিডিউলভুক্ত খেয়াঘাট জেলা পরিষদের ইজারাদারকে বুঝিয়ে দেয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য বর্ণিত ১ নং স্মারকে অনুরোধ জানানো হয়। কিন্তু এ বিষয়ে অদ্যাবধি কোনো কার্যক্রম গ্রহণ করা হয়নি বিধায় বরিশাল জেলা পরিষদ হতে পুনরায় অনুরোধ জানানো হয়েছে (কপি সংযুক্ত)।

২। এমতাবস্থায়, বরিশাল জেলা পরিষদের মালিকানাধীন সিডিউলভুক্ত খেয়াঘাট জেলা পরিষদের ইজারাদারকে বুঝিয়ে দেয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।



(আনজুমান আরা)  
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

যুগ্মসচিব  
ইউনিয়ন পরিষদ অধিশাখা  
স্থানীয় সরকার বিভাগ।

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, বরিশাল।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বরিশাল।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।